



স্বাক্ষর

নারী-বান্ধব ও গ্রামীণ পোর্টাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়  
কৃষি বিপণন অধিদপ্তর  
লালমনিরহাট।

তাং ২৫/০৮/২০২৪  
উপজেলা নির্বাহী অফিসার  
লালমনিরহাট সদর, লালমনিরহাট  
DAM

স্মারক নং-১২.০২.৫০৫২.৪০৮.৩৭.০০৭.২৪-৫২৮

তারিখঃ ২৭/০৮/২০২৪ খ্রিঃ

ভর্তি বিজ্ঞপ্তি

কৃষি ব্যবসায় যুবক ও নারীদের উৎসাহিত করার লক্ষ্যে পার্টনার (ডিএএম অংগ) প্রকল্পের আওতায় লালমনিরহাট জেলার তিনটি উপজেলা হতে (লালমনিরহাট সদর, আদিতমারী ও হাতিবান্ধা) যুবক ও নারীদের অন দ্যা জব ট্রেনিং (OTJ) বা 'কাজের মাধ্যমে প্রশিক্ষণ' (আবাসিক) প্রদানের মাধ্যমে উদ্যোক্তা তৈরি ও কর্মসংস্থানের সৃষ্টি করা হবে। আগ্রহী যুবক (১৮-৩৫ বছর) এবং নারীদের (১৮-৫০ বছর) নিকট থেকে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ করে কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, লালমনিরহাট হতে আবেদনপত্র সংগ্রহ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ জমাদানের জন্য আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	খাতসমূহ	কাজের ক্ষেত্র	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	আবেদন জমাদানের শেষ তারিখ
০১	কৃষি উপকরণ	বীজ, সার, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি	১২ দিন	৫ম শ্রেণী	১২/০৯/২০২৪
০২	খাদ্য প্রক্রিয়াকরণ	খাদ্য ও পানীয় প্রক্রিয়াকরণ এবং বাজার সংযোগ	১২ দিন	ঐ	ঐ
০৩	খাদ্য বহির্ভূত পণ্য প্রক্রিয়াকরণ	পাট ও পাটজাত দ্রব্য উৎপাদন এবং বাজারজাতকরণ	১২ দিন	ঐ	ঐ
০৪	ফল ও সবজি প্রক্রিয়াকরণ	বাছাই, গ্রেডিং প্যাকেজিং এবং বাজারজাতকরণ	১২ দিন	ঐ	ঐ
০৫	মাছ, মাংস ও দুগ্ধজাত পণ্য প্রক্রিয়াকরণ	প্রক্রিয়াকরণ, প্যাকেজিং এবং বাজারজাতকরণ	১২ দিন	ঐ	ঐ
০৬	মসলা জাতীয় পণ্য প্রক্রিয়াকরণ	প্রক্রিয়াকরণ, প্যাকেজিং এবং বাজারজাতকরণ	১২ দিন	ঐ	ঐ
০৭	এগ্রো-টুরিজম	গ্রামীণ জীবনযাত্রা ও কৃষি ভিত্তিক কার্যক্রম	১২ দিন	ঐ	ঐ
০৮	কৃষি যন্ত্রপাতি	কৃষি যন্ত্রপাতির ব্যকসা ও সেবা কার্যক্রম ইত্যাদি	১২ দিন	ঐ	ঐ
০৯	অন্যান্য	অন্যান্য	১২ দিন	ঐ	ঐ

- আগ্রহী প্রার্থীদের আবেদন পত্রের সাথে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, নাগরিকত্ব সনদ, সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের ছবি ও সাদা এক পাতায় ব্যবসা সম্পর্কে সংক্ষিপ্ত আকারে লিখে জমা দিতে হবে।
- উদ্যোক্তাগণকে নির্ধারিত প্রতিষ্ঠানে গিয়ে আবাসিক ট্রেনিং গ্রহণ করতে হবে, ট্রেনিং সম্পন্ন করার পর সার্টিফিকেট ও নির্ধারিত ভাতা প্রাপ্ত হবেন।
- প্রশিক্ষণ সম্পন্নকারী সম্ভাব্য উদ্যোক্তাকে প্রোগ্রাম হতে লিগাল ও ডকুমেন্ট সংক্রান্ত এবং বিভিন্ন যন্ত্রপাতি যেমন পরিবহন, সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও প্যাকেজিং ইত্যাদি ম্যাচিং গ্রান্ট বা অনুদানের মাধ্যমে সহযোগীতা প্রদান করা হবে।
- ট্রেনিং এ অংশ গ্রহণের জন্য কোন যাতায়াত ভাতা প্রাপ্য হবে না তবে আবাসিক খরচ ও দুপুরের খাবার প্রকল্প থেকে বহন করা হবে।
- উদ্যোক্তা বাছাইয়ের ক্ষেত্রে বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- বিস্তারিত তথ্যের জন্য কৃষি বিপণন কর্মকর্তা, লালমনিরহাট (মোবাইল নম্বর ০১৭২৮-৬১৭৬৫২) যোগাযোগ করা যেতে পারে।

  
(মোঃ হারুন অর রশিদ)  
কৃষি বিপণন কর্মকর্তা  
লালমনিরহাট।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- জেলা প্রশাসক, লালমনিরহাট।
- উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর।
- উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, লালমনিরহাট।
- উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট।
- উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, লালমনিরহাট।
- উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, আদিতমারী ও হাতিবান্ধা।
- উপব্যবস্থাপক, বিসিক জেলা কার্যালয়, লালমনিরহাট।